

# রেন্টসেইফটিও (RentSafeTO):

এপার্টমেন্ট বিল্ডিং স্ট্যান্ডার্ডস প্রোগ্রাম  
(এপার্টমেন্ট ভবনের মানসমূহ সংক্রান্ত কর্মসূচি)

রেন্টসেইফটিও (RentSafeTO): এপার্টমেন্ট বিল্ডিং স্ট্যান্ডার্ডস হচ্ছে একটি উপবিধি প্রয়োগকরণ কর্মসূচি যা টরন্টোয় এপার্টমেন্ট ভবনসমূহের মালিকদের এবং পরিচালনাকারীদের (অপারেটরগণের) ভবনের রক্ষণাবেক্ষণের মানসমূহ পূরণ করা নিশ্চিত করে।

এই কর্মসূচিটি তিন বা তার বেশী তলা এবং 10 বা তার বেশী ইউনিট রয়েছে এমন ভাড়ার সম্পত্তিসমূহের জন্য প্রযোজ্য। এটি ব্যক্তিমালিকানাধীন কন্ডোমিনিয়ামসমূহ এবং বাসভবনসমূহের জন্য প্রযোজ্য নয়। আপনার ভবনটি এই কর্মসূচিটির সাথে নিবন্ধিত কিনা তা দেখার জন্য, [toronto.ca/RentSafeTO](http://toronto.ca/RentSafeTO)-এ যান।

রেন্টসেইফটিও-এর অধীনে, ভবনসমূহের মালিকদের এবং পরিচালনাকারীদের অবশ্যই:

- তাদের ভবনসমূহ সিটি (City)-র সাথে নিবন্ধন করতে হবে, তারপর প্রতি বছর তা নবায়ন করতে হবে
- ভাড়াটিয়ার পরিষেবা সংক্রান্ত অনুরোধসমূহ চিহ্নিত (ট্র্যাকিং) করার এবং সাড়া প্রদান করার একটি প্রক্রিয়া থাকতে হবে
- পরিচ্ছন্নতা এবং কীটপতঙ্গসমূহের জন্য সর্বসাধারণের এলাকাসমূহে নিয়মিত পরিদর্শনসমূহ পরিচালনা করতে হবে
- রক্ষণাবেক্ষণ, বর্জ্য, পরিষ্কার করা এবং গুরুত্বপূর্ণ পরিষেবাসমূহে বিঘ্নতাসমূহের জন্য পরিকল্পনাসমূহ থাকতে হবে যেমন জল, তাপ (হীট) ও বিদ্যুৎ
- পরিষেবার বিঘ্নতাসমূহ সম্পর্কে ভাড়াটিয়াদের অবহিত করতে হবে
- ভবনের রুটিন (নিয়মিত) মূল্যায়নসমূহের মধ্য দিয়ে যেতে হবে
- সিটি-র প্রযোজ্য সকল উপবিধিসমূহ মেনে চলতে হবে

প্রয়োগকরণ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে যদি মালিকগণ এবং পরিচালনাকারীগণ সিটি-র উপবিধিসমূহ মেনে না চলেন।

## ভবনের মূল্যায়নসমূহ

সিটি রেন্টসেইফটিও-এর সাথে নিবন্ধিত সকল এপার্টমেন্ট ভবনসমূহ মূল্যায়ন করে। এই প্রক্রিয়ার সময়, কর্মচারীগণ সর্বসাধারণের এলাকাসমূহ, যান্ত্রিক ও নিরাপত্তা ব্যবস্থাসমূহ, পার্কিং এবং বাহিরের ভূমিসমূহ (গ্রাউন্ডস) পরিদর্শন ও মূল্যায়ন করেন।

ভবনের মূল্যায়নের সাফল্যাস্ক্র (স্কোরসমূহ) খোজার জন্য কিউআর (QR) কোডটি স্ক্যান করুন



## আমি কিভাবে আমার ভাড়ার ইউনিটের সমস্যাটি ঠিক করতে পারি?

যদি আপনার ইউনিটে বা আপনার ভবনের সর্বসাধারণের এলাকাসমূহে আপনার কোনো সমস্যা থাকে, প্রথমে আপনার ভবনের মালিক/পরিচালনাকারীর সাথে যোগাযোগ করুন এবং পরিষেবা সংক্রান্ত অনুরোধটি দাখিল করুন। সমস্যাসমূহের উদাহরণগুলোতে ভাঙ্গা জানালাসমূহ এবং দরজাসমূহ, কম তাপ বা কোনো তাপ নেই ও কীটপতঙ্গসমূহ অন্তর্ভুক্ত থাকতে পারে।

আপনার নথিসমূহের (রেকডসমূহের) জন্য পরিষেবা সংক্রান্ত অনুরোধের একটি কপি (অনলিপি) রাখুন

ভবনের মালিকগণের ভাড়াটিয়ার পরিষেবা সংক্রান্ত অনুরোধসমূহ চিহ্নিত করাও প্রয়োজন।



## সমস্যাটি ঠিক করতে কত সময় লাগবে?

ভবনের মালিকগণ/পরিচালনাকারীগণকে জরুরি অনুরোধসমূহের ক্ষেত্রে 24 ঘণ্টার মধ্যে অবশ্যই সাড়া প্রদান করতে হবে। অনুরোধসমূহ জরুরি হবে যদি এগুলো গুরুত্বপূর্ণ পরিষেবাসমূহের বিঘ্নতার সাথে সম্পর্কিত হয়:

- বিদ্যুৎ
- তাপ
- ভবনের নিরাপত্তা লঙ্ঘন
- বাহ্যিক বিপদসমূহ
- গ্যাস
- জল

অ-জরুরি অনুরোধসমূহের জন্য সাত দিনের মধ্যে অবশ্যই সাড়া প্রদান করতে হবে। উদাহরণসমূহের মধ্যে অন্তর্ভুক্ত সামান্য জলজনিত ক্ষতি বা উপকরণসমূহ যা ভেঙ্গে যেতে পারে যেমন ক্যাবিনেটসমূহ (দেবাজসম্পন্ন আলমারিবিশেষ) বা টাইলসমূহ (টাইলস)।

## সমস্যাসমূহ এখনোও সম্বোধন করা হয়নি?

যদি আপনার বাড়িওয়ালার তরফ থেকে কোনো ব্যবস্থা গ্রহণ না করা হয় বা সমস্যাসমূহ ক্রমাগত চলতে থাকে, রেন্টসেইফটিং বিষয়ক টীম (দল)-এর জন্য 311 নম্বরে যোগাযোগ করুন।

একবার পরিষেবা সংক্রান্ত অনুরোধটি 311 এর সাথে নথিভুক্ত করা হয়ে গেলে, সিটি-র কর্মচারীগণ একটি তদন্ত পরিচালনা করবেন এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

[toronto.ca/311](http://toronto.ca/311)-এ 311 দ্বারা আপনাকে প্রদত্ত রেফারেন্স (তথ্যসূত্র) নম্বর ব্যবহার করে আপনার অনুরোধের অবস্থাটি দেখতে পারেন।